



বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৭

১২ জুলাই ২০২১
তারিখঃ -----
২৮ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

দেশে চলমান করোনাভাইরাস সংকট মোকাবেলায় ব্যাংকসমূহের কর্পোরেট সামাজিক
দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় বিশেষ CSR কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে ২৬ এপ্রিল ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এবং ২১ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২১ এর মাধ্যমে করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে ক্ষতিগ্রস্ত অসহায় জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে সামাজিক দায়বদ্ধতা পরিপালনের উদ্দেশ্যে বিশেষ CSR কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-৫ ও ৬ -এ বিশেষ CSR খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষণ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯/২০২১ এর মাধ্যমে অন্যান্য নির্দেশনার পাশাপাশি অনুচ্ছেদ নং-৩(খ)-এ বিশেষ CSR কার্যক্রম সম্পাদনের সুবিধার্থে জেলা প্রশাসক/এনজিও/এমএফআই'র পাশাপাশি ব্যাংকসমূহ নিজস্ব ব্যবস্থাপনায়ও বিশেষ CSR কার্যক্রম পরিচালনা করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৩। সেনা কল্যাণ সংস্থা সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত একটি কল্যাণমুখী প্রতিষ্ঠান। কোভিড-১৯ এর কারণে চলমান লকডাউন পরিস্থিতিতে সেনা কল্যাণ সংস্থা দেশব্যাপী বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ত্রাণ সামগ্রী সশস্ত্র বাহিনীর মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে হতদরিদ্র মানুষের মাঝে বিতরণ করছে। বর্তমানে সরকার কর্তৃক ঘোষিত কঠোর লকডাউন এর আওতায় সব ধরনের গণপরিবহন বন্ধসহ জরুরী প্রয়োজন ব্যতীত জনসাধারণের চলাচল বন্ধ রাখা হয়েছে। ফলে, আপনাদের ব্যাংক কর্তৃক গঠিত বিশেষ CSR তহবিল সেনা কল্যাণ সংস্থা তথা সশস্ত্র বাহিনীর মাধ্যমে বিতরণ করা হলে তা দ্রুত ও অধিক কার্যকরভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হবে মর্মে আশা করা যায়। এ প্রেক্ষিতে, নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) জেলা প্রশাসক/এনজিও/এমএফআই ও আপনাদের ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় বিশেষ CSR কার্যক্রম পরিচালনার পাশাপাশি সেনা কল্যাণ সংস্থা'র মাধ্যমেও বিশেষ CSR কার্যক্রম পরিচালনা করা যাবে। এক্ষেত্রে সেনা কল্যাণ সংস্থা'র চেয়ারম্যান দপ্তরের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সেনা কল্যাণ সংস্থা'র মাধ্যমে বিশেষ CSR কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পৃথক হিসাব সংরক্ষণ করতে হবে; এবং

(খ) উল্লিখিত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২১ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯/২০২১ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২